

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
জয়পুরহাট  
(শিক্ষা ও কল্যাণ শাখা)  
[www.joypurhat.gov.bd]


### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১০ জানুয়ারি ২০২৪ তারিখের ০৬ নম্বর স্মারক মূলে পরিপত্রের ২.৪ এর নিয়োগ কমিটিতে জেলা প্রশাসকের প্রতিনিধি সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত পরিপত্রের ২.২ এর শূন্য পদ পূরণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানের ক্ষেত্রে (ক) শূন্য পদে নিয়োগ প্রদানের জন্য বহল প্রচারিত ০২ (দুই) টি দৈনিক পত্রিকায় [১টি জাতীয় পত্রিকা এবং ১টি স্থানীয় পত্রিকা] নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। প্রতিষ্ঠানের ওয়েব সাইট ও সম্ভাব্য সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তির ব্যাপক প্রচার করতে হবে। (খ) 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১' ও এর সর্বশেষ পরিমার্জন অনুযায়ী শূন্যপদের ধরণ (এমপিও নাকি নন এমপিও পদ), সংখ্যা, বিষয়, আবেদন ফি, প্রত্যেক পদের জন্য নিয়োগ যোগ্যতার আবশ্যিকীয় শর্তাবলী, বেতন গ্রেড, আবেদন দাখিলের নিয়ম এবং আবেদন দাখিলের সর্বশেষ তারিখ ও সময় বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকতে হবে।

কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, যে সকল শিক্ষা প্রতিষ্ঠান জেলা প্রশাসকের কাছে প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করেছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক জাতীয় দৈনিকে নিয়োগ বিজ্ঞপ্তি দেয়া হয়েছে তা জয়পুরহাটে বহল প্রচারিত নয়। কিছু কিছু পত্রিকা বিজ্ঞাপনের দিন ছাড়া জয়পুরহাট জেলায় আসেনা। এছাড়া এ সংক্রান্ত পরিপত্রের নির্দেশনার আলোকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রতিষ্ঠানের ওয়েব সাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে বহল প্রচার করার নির্দেশনা অনুসরণ করা হয় না।

জেলা প্রশাসন জেলায় সরকারের প্রতিনিধিত্ব করে। নিয়োগ কার্যক্রমে জেলা প্রশাসনের প্রতিনিধিত্ব এ ধরণের নিয়োগে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে।

এমতাবস্থায়, প্রতিটি নিয়োগ বিজ্ঞপ্তি (ক) জয়পুরহাটে বহল পঠিত জাতীয় দৈনিক, (খ) জেলা প্রশাসনের ওয়েবসাইট, (গ) সংশ্লিষ্ট উপজেলা প্রশাসনের ওয়েব সাইট ও (ঘ) জয়পুরহাট পরিবার কিংবা এরূপ নামীয় বহল সদস্য বিশিষ্ট ফেসবুক গ্রুপ-এ সকল মাধ্যমে প্রচার করে এর প্রমাণকসহ প্রতিনিধি চেয়ে পত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(তৃপ্তি কণা মন্ডল)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

০২৫৮৭৭২২১৩৩

adceductjoypurhat@gmail.com

নম্বর : ০৫.৪৩.৩৮০০.০১০.৯৯.০১৪.২৩.৯৪

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল), জয়পুরহাট [সকল এমপিওভুক্ত প্রতিষ্ঠানকে অবগত করার জন্য অনুরোধসহ]
৬. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট [সকল এমপিওভুক্ত প্রতিষ্ঠানকে অবগত করার জন্য অনুরোধসহ]
৭. জনাব .....
৮. সংরক্ষিত নথি